

নির্বাহী প্রকৌশলীর কার্যালয় গণপূর্ত ২/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।			
ডায়েরী নং- ২০১৮৬৭	তারিখঃ- ২৩/৬/২০	প্রকৌশলীঃ- TUN	
অ: স:	স: প্র:	উ: বি: প্র:	নি: স:
			N

গণপূর্ত অধিদপ্তর
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা
ফোনঃ ৯৫৬২৭৯৫, ফ্যাক্সঃ ৮৮-০২-৯৫৬২৯১৩
www.pwd.gov.bd

স্মারক নং-২৫.৩৬.০০০০.২৩১.২০.১০০.১৬-১২৮৮

তারিখ : ১৬ আষাঢ় ১৪২৮
৩০ জুন ২০২১

বিষয়ঃ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন গণপূর্ত অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন 'ঢাকার আজিমপুরে বিচারকদের জন্য বহুতল বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণ' শীর্ষক প্রকল্পে (প্রকল্প কোড ২২৪০৩০৮০০) চলতি ২০২০-২০২১ আর্থিক সালে সংশোধিত এডিপিতে পুনঃ উপযোজনের মাধ্যমে প্রাপ্ত বরাদ্দ ৩৫০০.০০ লক্ষ (আবর্তক ১০.০০ লক্ষ এবং মূলধন ৩৪৯০.০০ লক্ষ) টাকা হতে ৩য়, ৪র্থ ও অতিরিক্ত কিস্তি বাবদ মূলধন খাতে ৯৯৭.৫০ লক্ষ (নয় কোটি সাতানব্বই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের কাজে চলতি ২০২০-২০২১ আর্থিক সালে খরচ করার জন্য ৩য়, ৪র্থ ও অতিরিক্ত কিস্তি বাবদ মূলধন খাতে ৯৯৭.৫০ লক্ষ (নয় কোটি সাতানব্বই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মাত্র নিম্নবিভাজন মোতাবেক বরাদ্দ প্রদান করা হলো :

কোড/ খাতের বিবরণ	অর্থ বরাদ্দ (লক্ষ টাকা)			গণপূর্ত বিভাগ
	আবর্তক	মূলধন	মোট	
৪১১১১০১ আবাসিক ভবন	--	৯৯৭.৫০	৯৯৭.৫০	১১৮৯২২-আজিমপুর গণপূর্ত বিভাগ, ঢাকা

উক্ত খরচ নির্বাহী প্রকৌশলী (পরিকল্পনা অধিশাখায় সংযুক্ত), পরিকল্পনা শাখা-২, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকার স্মারক নং-২৫.০০.০০০০.০৩১.১৪.০২৭.১৪-৩৪৩/৪ তারিখ: ২৮/০৬/২০২১ খ্রিঃ এর দ্বারা মঞ্জুরিকৃত ৯৯৭.৫০ লক্ষ টাকা উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-২৯, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, হিসাবের কোড নং-৫-১৩২০৫০১-২২৪০৩০৮০০-৪১১১১০১ খাতে চলতি ২০২০-২০২১ আর্থিক সালে সংশোধিত এডিপিতে পুনঃ উপযোজনের মাধ্যমে প্রাপ্ত বরাদ্দকৃত অর্থ হতে সংকুলান/বহন করতে হবে। উক্ত বরাদ্দ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি প্রদান করতে হবে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার যথাযথভাবে পর্যবেক্ষণ/ পালন পূর্বক খরচ করতঃ এ অধিদপ্তরকে অবহিত করতে অনুরোধ করা যাচ্ছে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে :

- শর্তসমূহ (ক) বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে Public Procurement Act (PPA)-2006 এবং Public Procurement Rules (PPR)-2008 (সর্বশেষ সংশোধনীসহ) এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান ও অন্যান্য নিয়মাবলী যথাযথভাবে প্রতিপালন করতে হবে।
- (খ) বরাদ্দকৃত অর্থ অনুমোদিত ডিপিপির অংগভিত্তিক বরাদ্দ অনুযায়ী ব্যয় করতে হবে।
- (গ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে এ দপ্তরে সমর্পণ করতে হবে।
- (ঘ) অর্থ ব্যয়/ এ কাজের বিল পরিশোধের ক্ষেত্রে কোন অনিয়ম উদঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।
- (ঙ) চলতি আর্থিক সালে বরাদ্দকৃত অর্থ খরচ করতে হবে এবং খরচের হিসাব অত্র দপ্তরে দাখিল করতে হবে।
- (চ) বরাদ্দকৃত অর্থ দ্বারা অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা-৬ শাখার ২৬/০৫/২০২১ খ্রিঃ তারিখের ০৭.১৫৬.০২৬.০০.০১.২০০৪(অংশ-২) স্মারকের নির্দেশনা মোতাবেক চলতি ২০২০-২০২১ অর্থ বছরের অবশিষ্ট সময়ে পরিচালন ও উন্নয়ন বাজেটের আওতায় নতুন কোন পূর্ত কাজ (নির্মাণ/স্বাধীন) এর কার্যাদেশ (Notification of Award) প্রদান করা যাবে না।
- (ছ) পৃষ্ঠাংকন পত্র প্রাপ্তি সাপেক্ষে বরাদ্দকৃত অর্থ ব্যয় করতে হবে।

শেহিদুল আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ৯৫৬৮৯১৪ ফ্যাক্সঃ ৯৫৫৪৬৬৬
se_coord@pwd.gov.bd

নির্বাহী প্রকৌশলী
আজিমপুর গণপূর্ত বিভাগ, ঢাকা।

স্মারক নং-২৫.৩৬.০০০০.২৩১.২০.১০০.১৬-১২৮৮/১(১৯)

তারিখ : ১৬ আষাঢ় ১৪২৮
৩০ জুন ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। হিসাব মহা-নিয়ন্ত্রক, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা গণপূর্ত জোন, ঢাকা।
- ৪। মহা-পরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)/ (মনিটরিং এন্ড অডিট)/ (প্রকল্প সার্কেল-১), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা গণপূর্ত সার্কেল-৪, ঢাকা।
- ৭। উপ সচিব, বাজেট অধিশাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। উপ সচিব, বাজেট অধিশাখা-২৪, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। নির্বাহী প্রকৌশলী (পরিকল্পনা অধিশাখায় সংযুক্ত), পরিকল্পনা শাখা-২, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। প্রধান প্রকৌশলী মহোদয়ের স্টাফ অফিসার (নির্বাহী প্রকৌশলী), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১১। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত এমআইএস (ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম) বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১২। চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২-তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১৪। তত্ত্বাবধায়ক, উন্নয়ন শাখা-৩/ প্রগতি শাখা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১৫। গার্ড নথি, হিসাব শাখা-১/ হিসাব সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

শেহিদুল আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।